| ১। | ঢাকা/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল/রাজশাহী/রংপুর ও ময়মনসিংহ বিভাগের সকল পরিবীক্ষণ স্টেশনের নদী ব্যতীত ভূপৃষ্ঠস্থ এবং ভূগর্ভস্থ পানির বৎসরভিত্তিক তথ্য বা উপাত্ত<br>(অ) সরকারি সংস্থার জন্য<br>(আ) অন্যান্য সংস্থার জন্য | ৯,০০০<br>১৮,০০০ | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ২। | ঢাকা/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল/রাজশাহী/রংপুর ও ময়মনসিংহ বিভাগের নদীর পানির সকল পরিবীক্ষণ স্টেশনের বৎসরওয়ারি তথ্য বা উপাত্ত<br>(অ) সরকারি সংস্থার জন্য<br>(আ) অন্যান্য সংস্থার জন্য | ১২,০০০<br>১৮,০০০ | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ৩। | ঢাকা/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল/রাজশাহী/রংপুর ও ময়মনসিংহ বিভাগের সকল পরিবীক্ষণ স্টেশনের বায়ুর বৎসরওয়ারি তথ্য বা উপাত্ত<br>(অ) সরকারি সংস্থার জন্য<br>(আ) অন্যান্য সংস্থার জন্য | ৭,০০০<br>১২,০০০ | পরিবেশ অধিদপ্তর ১৪৫০৩<br>অর্থনৈতিক কোড ১৪২২৩২৯ |
| ৪। | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও পরিবেশসংক্রান্ত গবেষণা কার্যক্রমে জড়িত প্রতিষ্ঠানসমূহের ছাত্র/ছাত্রী শিক্ষক/শিক্ষিকাসহ গবেষকদের ব্যবহারের জন্য | সংস্থা প্রধান/শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান-এর লিখিত অনুরোধপত্র ও সুপারিশের ভিত্তিতে বিনামূল্যে | - |

**নোট:** ফি এর সহিত সরকার নির্ধারিত হারে ভ্যাট সংযোজন করিতে হইবে।

CS CamScanner

## তফসিল-৯
## শিল্প বা প্রকল্পের অবস্থান নির্ধারণের নির্দেশিকা
**[বিধি ৮ এর দফা (খ), বিধি ৯ এর উপ-বিধি (২), বিধি ১০ এর উপ-বিধি (২), বিধি ১২ এর উপ-বিধি (২) ও বিধি ১৪ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]**

প্রকল্পের বা শিল্প প্রতিষ্ঠানের উপযুক্ত অবস্থান নির্ধারণের জন্য নিম্নরূপ নির্দেশিকা অনুসরণ করিতে হইবে :

**(ক) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের স্থান নির্বাচনের ক্ষেত্রে যেসকল এলাকা পরিহার করিতে হইবে :**

(১) প্রতিবেশগত গুরুত্বের বিবেচনায় আইন দ্বারা সংরক্ষিত এলাকা, হেরিটেজ সাইট, প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা; অভয়ারণ্য অথবা আন্তর্জাতিক কনভেনশন দ্বারা সংরক্ষিত এলাকা;

(২) প্রতিবেশগত বা জীববৈচিত্র্যের জন্য গুরুত্বপূর্ণ বা স্পর্শকাতর স্থানসমূহ, যেমন- বিপন্ন/হুমকিগ্রস্ত/স্থানীয় প্রজাতিসমূহের আবাসস্থল, জলাভূমি, পাহাড়, প্রাকৃতিক বন (Natural forest), প্যারাবন, প্রবাল দ্বীপ ইত্যাদি;

(৩) সরকার কর্তৃক ঘোষিত বনভূমি;

(৪) অধিক গুরুত্বসম্পন্ন কৃষি জমি; এবং

(৫) ঐতিহাসিক স্থান, স্মৃতিসৌধ এলাকা, পার্ক/খেলার মাঠ, স্বাস্থ্য কেন্দ্র, আবাসিক এলাকা, হাসপাতাল, প্রত্নতত্ত্ব এলাকা; শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকার কর্তৃক অথবা আইন দ্বারা যেসকল এলাকাকে স্পর্শকাতর চিহ্নিত করা হইয়াছে।

**(খ) শিল্প কারখানার স্থান নির্বাচনের জন্য যেসকল বিষয় বিবেচনা করিতে হইবে :**

(১) অনুমোদিত শিল্পাঞ্চল বা শিল্পায়নের জন্য মনোনীত এলাকা;

(২) সন্নিকটস্থ শিল্পের সমপ্রকৃতি বিশিষ্ট;

(৩) উপযুক্ত এবং পর্যাপ্ত ইউটিলিটি সাপ্লাই, বর্জ্য ব্যবস্থাপনা এবং স্টর্ম ড্রেনেজ সুবিধা;

(৪) ইটিপি স্থাপন ও সবুজ বেষ্টনী তৈরি ইত্যাদির জন্য পর্যাপ্ত স্থান সংকুলান রহিয়াছে এমন স্থান;

(৫) বন্যা প্রবাহ অঞ্চল হইতে ২৫০ মিটার দূরে বন্যামুক্ত উঁচু স্থান (প্রযোজ্য ক্ষেত্রে);

(৬) উপকূলের উচ্চ জোয়ার রেখা হইতে ৫০০ মিটার দূরে (প্রযোজ্য ক্ষেত্রে); এবং

(৭) শিল্প স্থাপনের স্থান ও সংবেদনশীল উপাদানের (sensitive receptor) মাঝে পর্যাপ্ত বাফার এলাকা বিদ্যমান।

CamScanner

**(গ) বিভিন্ন শ্রেণির শিল্প কারখানা ও সংবেদনশীল এলাকার মাঝে নিম্নবর্ণিত বাফার দূরত্ব বজায় রাখিতে হইবে :**

| শিল্পের শ্রেণি | শিল্পের ধরন | বাফার দূরত্ব |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| লাল শ্রেণি | উচ্চ ঝুঁকিবিশিষ্ট কারখানা, স্থাপনা বা কার্যক্রম যাহা নিম্নরূপ বৈশিষ্ট্যসম্পন্ন :<br>• অগ্নি, বিকিরণ এবং খুবই বিপজ্জনক রাসায়নিক পদার্থের জন্য উচ্চঝুঁকি-বিশিষ্ট;<br>• উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত কোনো কোনো কাঁচামাল খুবই বিপজ্জনক;<br>• তাৎপর্য মাত্রায় বায়ুদূষক নিঃসরণ;<br>• বিপুল পরিমাণ বিপজ্জনক বর্জ্য উৎপাদিত হয় যাহার কোনো কোনোটি পরিশোধন করা খুবই জটিল। | • ন্যূনতম ৫০০ মি. অথবা<br>• প্রযোজ্য ক্ষেত্রে কারখানা বা কার্যক্রম সংশ্লিষ্ট ঝুঁকির ধরন ও মাত্রা বিবেচনাপূর্বক মডেলিং-এর মাধ্যমে প্রকৃত বাফার দূরত্ব নির্ধারণ করিতে হইবে। |
| কমলা বা লাল | ভারী শিল্প বা কার্যক্রম যাহা নিম্নরূপ বৈশিষ্ট্য সম্পন্ন :<br>• উচ্চমাত্রার দূষণের সম্ভাবনা এবং অগ্নি, বিকিরণ এবং খুবই বিপজ্জনক রাসায়নিক পদার্থের জন্য ঝুঁকিপূর্ণ;<br>• উচ্চ মাত্রায় বায়ুদূষক নিঃসরণ;<br>• মাত্রাতিরিক্ত (Excessive) শব্দ দূষণ বা কম্পন সৃষ্টি করে;<br>• প্রচুর পরিমাণ কাঁচামাল ব্যবহৃত হয়-যেগুলির স্থানান্তর, গুদামজাতকরণ ইত্যাদিতে তাৎপর্যপূর্ণ মাত্রায় ডাস্ট সৃষ্টি হয়;<br>• যথেষ্ট পরিমাণ বিপজ্জনক বর্জ্য উৎপাদিত হয় যাহার কোনো কোনোটি পরিশোধন করা খুবই জটিল | • ন্যূনতম ৩০০ মিটার অথবা<br>• প্রযোজ্য ক্ষেত্র কারখানা বা কার্যক্রম-সংশ্লিষ্ট ঝুঁকির ধরন ও মাত্রা বিবেচনা করিয়া মডেলিং-এর মাধ্যমে প্রকৃত বাফার দূরত্ব নির্ধারণ করা যাইতে পারে। |
| কমলা বা লাল | মাঝারি শিল্প বা কার্যক্রম যাহা নিম্নরূপ বৈশিষ্ট্য সম্পন্ন :<br>• মধ্যম মাত্রার দূষণের সম্ভাবনা এবং অগ্নি, বিকিরণ ও খুবই বিপজ্জনক রাসায়নিক পদার্থের জন্য ঝুঁকিপূর্ণ;<br>• মধ্যম মাত্রায় বায়ুদূষক নিঃসরণ;<br>• মধ্যম মাত্রার শব্দদূষণ বা কম্পন সৃষ্টি করে;<br>• বিপজ্জনক বর্জ্য উৎপাদিত হয় যেগুলি কারখানা সীমানায় পরিশোধন করা হয়। | • ন্যূনতম ১০০ মিটার;<br>• প্রযোজ্য ক্ষেত্রে মডেলিং-এর মাধ্যমে প্রকৃত বাফার দূরত্ব নির্ধারণ করা যাইতে পারে। |

CamScanner

| শিল্পের শ্রেণি | শিল্পের ধরন | বাফার দূরত্ব |
| --- | --- | --- |
| (১) | (২) | (৩) |
| সবুজ বা হলুদ | হালকা শিল্প বা কার্যক্রম যাহা নিম্নরূপ বৈশিষ্ট্য সম্পন্ন :<br>• বায়ুদূষণ, শব্দ, কম্পন, গন্ধ, অগ্নি বা বিস্ফোরণের সম্ভাবনা খুব কম বা নাই;<br>• বিপজ্জনক পদার্থ কাঁচামাল হিসাবে ব্যবহৃত হয় না বা উৎপাদন প্রক্রিয়ায় তৈরি হয় না;<br>• কোনো বিপজ্জনক কঠিন বর্জ্য সৃষ্টি হয় না। | • ন্যূনতম ৫০ মিটার;<br>• প্রযোজ্য ক্ষেত্রে মডেলিং-এর মাধ্যমে প্রকৃত বাফার দূরত্ব নির্ধারণ করা যাইতে পারে। |
| সবুজ বা হলুদ শ্রেণি | ক্ষুদ্র শিল্প যাহা নিম্নরূপ বৈশিষ্ট্য সম্পন্ন :<br>• বায়ুদূষণ, শব্দ, কম্পন, গন্ধ, অগ্নি বা বিস্ফোরণের সম্ভাবনা খুবই কম বা নাই;<br>• ভূমি ব্যতীত বিনিয়োগকৃত মূলধন বৎসরের যে-কোনো সময় ৪০ লক্ষ টাকার অধিক নহে এবং বার্ষিক টার্নওভার ৬০ লক্ষ টাকার অধিক নহে;<br>• শুষ্ক প্রকৃতির উৎপাদন প্রক্রিয়া। ধোয়া, মোছা ও পরিষ্কার-পরিচ্ছন্নতার মাধ্যমে তরল বর্জ্য সৃষ্টি হইতে পারে, তবে তাহা নির্গমনের ফলে পানি দূষণের সম্ভাবনা কম;<br>• কোনো বিপজ্জনক কঠিন বর্জ্য সৃষ্টি হয় না। | • তাপ ও শব্দদূষণ সৃষ্টি হইলে ন্যূনতম ১০ মিটার বাফার দূরত্ব রাখা যাইতে পারে। |

CamScanner

**তফসিল-১০**

**পরিবেশগত প্রভাব নিরূপণের কার্যপরিধি প্রণয়নের নির্দেশিকা**

**[বিধি ১৪ এর উপ-বিধি (৩)]**

| ক্রমিক নং | বিষয় | বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | শিল্প/প্রকল্পের উদ্যোক্তা | উদ্যোক্তার নাম ও যোগাযোগ ঠিকানা;<br>• পরিবেশগত প্রভাব নিরূপণ সংক্রান্ত কোনো বিষয় অনুসন্ধানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল |
| ২। | সমীক্ষা দল | সমীক্ষা দলের প্রত্যেক সদস্যের বিস্তারিত বিবরণ, যাহাতে নিম্নের তথ্যসমূহ অন্তর্ভুক্ত করিতে হইবে :<br>• পরিবেশ অধিদপ্তরের নিবন্ধন নম্বর<br>• শিক্ষাগত যোগ্যতা<br>• অভিজ্ঞতা<br>• সমীক্ষার অধিক্ষেত্র (Area of study)<br>• ঘোষণা (স্বাক্ষর) |
| ৩। | শিল্প/প্রকল্পের প্রয়োজনীয়তা (Statement of Need) | পরিকল্পনার প্রাথমিক পর্যায়ে প্রকল্পের প্রয়োজনীয়তার বিষয়টি সুস্পষ্টভাবে প্রতিষ্ঠা করিতে হইবে। প্রকল্প গ্রহণের ভিত্তি এবং যৌক্তিকতা (Project concept) এবং প্রকল্পের উদ্দেশ্য উল্লেখ করিতে হইবে। প্রস্তাবিত প্রকল্পটি গ্রহণ করা হইলে কী সুফল পাওয়া যাইবে তাহার বিবরণ দিতে হইবে। |
| ৪। | শিল্প/প্রকল্পের বিবরণ বা ধারণা (Project description/ concept) | প্রস্তাবিত প্রকল্প সরকারের কোনো উন্নয়ন পরিকল্পনা, নীতি বা সিদ্ধান্তের পরিপন্থি হইবে না। প্রকল্পের বিবরণ দেওয়ার সময় নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করিতে হইবে :<br>• প্রস্তাবিত প্রকল্পের ধারণা (Project concept), প্রকল্পের আকার, কম্পোনেন্ট, উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃতব্য প্রযুক্তি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ডেভেলপমেন্ট ধাপসমূহের স্পষ্ট বিবরণ। |

CamScanner

| ক্রমিক নং | বিষয় | বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | • প্রকল্পের অবস্থান ও প্রকৃতি সুস্পষ্টভাবে অনুধাবনের জন্য স্পষ্ট, রঙিন এবং পাঠযোগ্য মানচিত্র, রেখাচিত্র এবং ছবি। লোকেশন মানচিত্রসমূহের মধ্যে জেনারেল লোকেশন, স্পেসিফিক লোকেশন, প্রকল্পের চৌহদ্দি এবং প্রকল্পের সাইট/লে-আউট প্ল্যান অন্তর্ভুক্ত থাকিবে।<br>• শিল্প প্রকল্পের ক্ষেত্রে স্পষ্ট ফ্লো চার্টসহ উৎপাদন প্রক্রিয়ার বিবরণ। |
| ৫। | প্রকল্পের অপশনসমূহ | প্রকল্পের অপশনসমূহের সংক্ষিপ্ত বিবরণ—গ্রহণযোগ্য অপশন বাছাই এবং অন্যান্য অপশন বাতিলের যৌক্তিকতা। |
| ৬। | বিদ্যমান পরিবেশের বিবরণ | বিদ্যমান পরিবেশের বিবরণ প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করিতে হইবে :<br>• পরিবেশগত বিষয় বিবেচনার জন্য চিহ্নিত স্থানের ভৌগোলিক সীমারেখা;<br>• প্রকল্প বাস্তবায়নের পূর্বে ভৌত-রাসায়নিক, জীব এবং মানব পরিবেশের অবস্থা;<br>• প্রস্তাবিত প্রকল্পের কারণে অনন্য বৈজ্ঞানিক, আর্থ-সামাজিক এবং সংস্কৃতিগত দিক বিবেচনায় প্রভাবিত হইতে পারে এমন পরিবেশগত সংবেদনশীল এলাকা। |
| ৭। | প্রস্তাবিত প্রকল্প এলাকার বেস লাইন তথ্য (ভৌত, রাসায়নিক, জৈব, সামাজিক ইত্যাদি) | নমুনা সংগ্রহের পদ্ধতি (sampling methodologies), নমুনা সংগ্রহের স্থান, পরিবীক্ষণ স্টেশন এবং প্যারামিটার |
| ৮। | প্রকল্পের অবস্থান ও বিদ্যমান ভূমি ব্যবহার | • প্রস্তাবিত প্রকল্পের প্রকৃত অবস্থান;<br>• বিদ্যমান ভূমি ব্যবহার এবং প্রতিবন্ধকতা;<br>• পরিবেশগত সংকটাপন্ন বা সংবেদনশীল এলাকা হইতে প্রস্তাবিত প্রকল্পের দূরত্ব;<br>• প্রস্তাবিত প্রকল্পের অবস্থান নির্দেশক ম্যাক্রো স্কেল ম্যাপ (১: ৫০,০০০ এবং ১: ২৫,০০০), প্ল্যান, ছবি অথবা স্যাটেলাইট ইমেজ; |

CamScanner

| ক্রমিক নং | বিষয় | বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | • স্পষ্ট, পাঠযোগ্য, রঙিন ভূমি ব্যবহারের ম্যাপ। সাম্প্রতিক বিদ্যমান পরিবেশের অবস্থা অনুধাবনের জন্য হালনাগাদ স্যাটেলাইট ইমেজ ব্যবহারপূর্বক প্রস্তুতকৃত ম্যাপ ব্যবহার করা যাইতে পারে। ভূমি ব্যবহারের ম্যাপে ন্যূনতম ৫ কি.মি. ব্যাসার্ধের এলাকা অন্তর্ভুক্ত করিতে হইবে।<br>• বিদ্যমান পরিবেশের অবস্থা বুঝাইবার জন্য প্রস্তাবিত প্রকল্পের ধরন-অনুসারে কোনো ম্যাপ, যথা : টপোগ্রাফি ম্যাপ, জিওলজিক্যাল ম্যাপ, হাইড্রোলজিক্যাল ম্যাপ ইত্যাদি। |
| ৯। | সম্ভাব্য উল্লেখযোগ্য প্রভাব (Potential significant impacts) | • প্রস্তাবিত প্রকল্পে গুরুত্বপূর্ণ ইস্যুর ভিত্তিতে যেসকল সম্ভাব্য গুরুত্বপূর্ণ প্রভাব পরীক্ষা করা হইবে তাহার সংক্ষিপ্ত বিবরণ;<br>• প্রভাব বিশ্লেষণ/নিরূপণের পদ্ধতিসমূহের (Methodologies) রূপরেখা |
| ১০। | প্রভাব প্রশমন এবং হ্রাসের ব্যবস্থা (Mitigation and abatement measures) | প্রস্তাবিত প্রকল্পের প্রভাব প্রশমন এবং হ্রাসের লক্ষে কোন কোন কার্যক্রম বিবেচনা করা হইবে তাহা নির্ধারণ করিতে হইবে। |
| ১১। | অবশিষ্ট প্রভাব (Residual impact) | প্রস্তাবিত প্রকল্পের প্রশমনমূলক ব্যবস্থা (Mitigation measures) গ্রহণের পর যেসকল উল্লেখযোগ্য পরিবেশগত প্রভাব (দীর্ঘ মেয়াদি) অবশিষ্ট থাকিবার সম্ভাবনা রহিয়াছে তাহার রূপরেখা |
| ১২। | পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (ইএমপি) | পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনায় যেসকল বিষয় অন্তর্ভুক্ত হইবে তাহার সংক্ষিপ্ত বিবরণ। |
| ১৩। | পরিবেশগত পরিবীক্ষণ এবং ফলো-আপ পরিকল্পনা (Monitoring and Follow-up Plan) | পরিবেশগত পরিবীক্ষণ এবং ফলো-আপ পরিকল্পনায় যেসকল বিষয় অন্তর্ভুক্ত হইবে তাহার সংক্ষিপ্ত বিবরণ। |
| ১৪। | ডিকমিশনিং পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে) | প্রকল্পের ডিকমিশনিং পরিকল্পনায় যেসকল বিষয় অন্তর্ভুক্ত হইবে তাহার সংক্ষিপ্ত বিবরণ। |

CamScanner

## তফসিল-১১

## শিল্প কারখানা বা প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন প্রণয়ন নির্দেশিকা

[বিধি ১৫ এর উপ-বিধি (৩) দ্রষ্টব্য]

## পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন

| ক্রমিক নং | বিষয় | বর্ণনা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | নির্বাহী সারসংক্ষেপ (Executive Summary) | নির্বাহী সারসংক্ষেপে অকারিগরি (Non-technical) ভাষায় লিখিত সমীক্ষায় প্রাপ্ত তথ্য এবং সুপারিশ থাকিবে। ইহাতে নিম্নোক্ত তথ্যাদি অন্তর্ভুক্ত করিতে হইবে :<br>• প্রকল্পের বিবরণ : প্রস্তাবিত প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ।<br>• সমীক্ষায় প্রাপ্ত তথ্য (Study findings): পরিবেশগত প্রভাব নিরূপণ এর কার্যপরিধি বা সমীক্ষার মাধ্যমে চিহ্নিত প্রধান পরিবেশগত ইস্যুসমূহের আলোকে নিরূপিত পরিবেশগত প্রভাব, প্রশমনমূলক ব্যবস্থা এবং পরিবীক্ষণ কর্মসূচির সারসংক্ষেপ। |
| ২। | সাধারণ তথ্যাবলি (General Information) | সাধারণ তথ্যাবলি প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্য অন্তর্ভুক্ত করিতে হইবে :<br>• প্রকল্পের ও প্রকল্পের উদ্যোক্তার নাম এবং যোগাযোগের ঠিকানা; প্রকল্পের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল এবং পরিবেশগত প্রভাব নিরূপণ সংক্রান্ত কোনো বিষয় অনুসন্ধানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল।<br>• পরিবেশবিষয়ক পরামর্শক: পরামর্শক প্রতিষ্ঠানের নাম, যোগযোগের ঠিকানা এবং ই-মেইল; সমীক্ষা দলের প্রত্যেক সদস্যের নামের তালিকা, সমীক্ষার অধিক্ষেত্র এবং স্বাক্ষর। |
| ৩। | প্রকল্পের বিবরণ ও প্রকল্পের অপশনসমূহ (Project Description) | • প্রকল্পের বিবরণ দেওয়ার সময় নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করিতে হইবে—<br>• প্রকল্পের প্রয়োজনীয়তা: প্রকল্পের যৌক্তিকতা, উদ্দেশ্য এবং সুফল; |

CamScanner

| ক্রমিক নং | বিষয় | বর্ণনা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | • প্রকল্পের বিবরণ: প্রকল্পের বিবরণ প্রদানের ক্ষেত্রে প্রকল্প কার্যক্রম, অবস্থান, লে-আউট, সময়সূচিসহ প্রকল্প বাস্তবায়নের ধাপসমূহ এবং প্রকল্পের সম্ভাব্য সম্প্রসারণের বিষয়ের উল্লেখ থাকিতে হইবে। ইহাতে নিম্নোক্ত বিষয়সমূহ থাকিতে হইবে :<br>• জমির পরিমাণ : প্রয়োজনীয় জমির পরিমাণ, জমির মালিকানা, ভূমি অধিগ্রহণ ইত্যাদি।<br>• প্রকল্পের অবস্থান ও পারিপার্শ্বিক এলাকা : প্রকল্পের অবস্থান (লোকেশন ম্যাপসহ), লে-আউট প্ল্যান যাহাতে ইউটিলিটিস, মেশিনারি, স্টোরেজ ইয়ার্ড, অবকাঠামো, পরিবহণ রুট এবং অন্যান্য কাঠামো প্রদর্শন করিতে হইবে।<br>• প্রকল্পের বিবরণ : সাইট লে-আউট, ফ্লো-ডায়াগ্রামসহ উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ, উৎপাদন ক্ষমতা, উৎপাদিত পণ্যের নাম ও পরিমাণ এবং ইউটিলিটিসমূহের বিবরণ।<br>• প্রকল্প কার্যক্রম ও বাস্তবায়ন সময়সূচি : প্রকল্পের ভূমি উন্নয়ন, অবকাঠামো নির্মাণ ও পরিচালনাকালীন গৃহীতব্য প্রধান কার্যক্রমের তালিকা; প্রকল্প উন্নয়নের ধাপ এবং বাস্তবায়ন কাল (Schedule)।<br>• সম্পদ ও উপযোগমূলক সেবার চাহিদা : তৈল, গ্যাস, বিদ্যুৎ, কয়লা ইত্যাদি জ্বালানির চাহিদা; কাঁচামালের তালিকা, পরিমাণ ও উৎস; পানির চাহিদা ও উৎস, কাঁচামাল ও উৎপাদিত পণ্য হ্যান্ডলিং ও স্টোরেজের জন্য নির্মিতব্য অবকাঠামো; অন্যান্য সাপোর্টিং অবকাঠামো, ইউটিলিটি এবং সার্ভিসের চাহিদা; প্রকল্পের উন্নয়ন ও পরিচালনার সময় কর্মসংস্থানের সুযোগ।<br>• দূষণের সম্ভাবনা (Pollution potential) :<br>• প্রকল্পের অপশনসমূহ : অপশনসমূহের সংক্ষিপ্ত বিবরণ, গ্রহণযোগ্য অপশন বাছাই এবং অন্যান্য অপশন বাতিলের যৌক্তিকতা। |

| ক্রমিক নং | বিষয় | বর্ণনা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৪। | প্রকল্প এলাকার বিদ্যমান পরিবেশগত অবস্থা (Existing Environmental Condition) | পরিবেশগত প্রভাব নিরূপণ এ সমীক্ষাধীন এলাকার বিদ্যমান পরিবেশের বর্ণনায় নিম্নোক্ত বিষয়ের উপর তথ্য ও উপাত্ত প্রদান করিতে হইবে :<br>• ভৌত পরিবেশ : টপোগ্রাফি, জিওলজি, জিও-মর্ফোলজি, মৃত্তিকা, ড্রেনেজ, হাইড্রোলজি এবং পানি সম্পদ, আবহাওয়া ও জলবায়ু, বায়ু ও পানির গুণগত মান, শব্দের মাত্রা, বিদ্যমান দূষণের উৎসসমূহ ইত্যাদি।<br>• জীব পরিবেশ : প্রতিবেশ ব্যবস্থা (উদ্ভিদকুল, প্রাণিকুল, স্থলজ আবাসস্থল, সামুদ্রিক/জলজ আবাসস্থল), জলভূমি, এনডেমিক/প্রেটেক্টেড/এনডেঞ্জারড প্রজাতি, নিকটতম সংরক্ষিত, সংবেদনশীল বা সংকটাপন্ন আবাসভূমি (Habitat)।<br>• ভূমি ব্যবহার : বিদ্যমান এবং প্রস্তাবিত ভূমি ব্যবহার, সংরক্ষণের জন্য প্রতিবেশগত গুরুত্বপূর্ণ এলাকা।<br>• সামজিক পরিবেশ : জনসংখ্যার বণ্টন (Population distribution), অর্থনৈতিক কর্মকাণ্ড, ভৌত অবকাঠামো ও পরিষেবা, সামাজিক-সাংস্কৃতিক অ্যামিনিটিস, জনস্বাস্থ্য।<br>• মানচিত্র, লেখচিত্র ও ছবি : প্রকল্প এলাকার বর্ণনার সহিত নিম্নোক্ত তথ্য, ম্যাপ, ছবি এবং অন্যান্য ভিজুয়্যাল তথ্য যুক্ত করিতে হইবে।<br>• প্রকল্প এবং পার্শ্ববর্তী এলাকার পরিবেশের হালনাগাদ ছবি।<br>• প্রকল্পের লোকেশন (অক্ষাংশ ও দ্রাঘিমাংশসহ), প্রকল্প এলাকা এবং সমীক্ষা এলাকার ভৌগোলিক সীমারেখা; প্রস্তাবিত প্রকল্পের অবস্থান-নির্দেশক ম্যাক্রো স্কেল ম্যাপ (১: ৫০,০০০ এবং ১: ২৫,০০০), প্ল্যান, ছবি অথবা স্যাটেলাইট ইমেজ; স্পষ্ট, পাঠযোগ্য, রঙিন ভূমি ব্যবহারের ম্যাপ। সাম্প্রতিক বিদ্যমান |

| ক্রমিক নং | বিষয় | বর্ণনা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | পরিবেশের অবস্থা অনুধাবনের জন্য হালনাগাদ স্যাটেলাইট ইমেজ ব্যবহার করা যাইতে পারে। ভূমি ব্যবহারের ম্যাপে ন্যূনতম ৫ কি.মি. ব্যাসার্ধের এলাকা অন্তর্ভুক্ত করিতে হইবে।<br>• বিদ্যমান পরিবেশের অবস্থা বুঝাইবার জন্য প্রস্তাবিত প্রকল্পের ধরন অনুসারে অন্যান্য কোনো ম্যাপ, যথা- টপোগ্রাফি ম্যাপ, জিওলজিক্যাল ম্যাপ, হাইড্রোলজিক্যাল ম্যাপ ইত্যাদি। |
| ৫। | পরিবেশগত প্রভাব পূর্বানুমান ও মূল্যায়ন (Impact Predication and Evaluation) | পরিবেশগত প্রভাব নিরূপণ এর কার্যপরিধিতে যেসকল পরিবেশগত ইস্যু চিহ্নিত করা হইয়াছে বা পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষায় যে আরও অতিরিক্ত পরিবেশগত ইস্যু চিহ্নিত হইয়াছে সেইগুলির প্রভাব নিরূপণ (Impact Assessment) করিতে হইবে। প্রভাব নিরূপণ প্রধানত নিম্নোক্ত তিনটি ধাপে সম্পন্ন করিতে হইবে, যথা :<br>• প্রভাব চিহ্নিতকরণ (Impact Identification): প্রকল্পের প্রতিটি ধাপের সুনির্দিষ্ট এবং বিশদ প্রভাব চিহ্নিত করিতে হইবে। সকল গুরুত্বপূর্ণ প্রভাবসমূহ বিবেচনা করিতে হইবে। একই সঙ্গে সম্ভাব্য গুরুত্বপূর্ণ পরোক্ষ এবং ক্রমপুঞ্জীভূত (Cumulative) প্রভাবসমূহও চিহ্নিত করিতে হইবে।<br>• প্রভাব পূর্বানুমান (Impact Predication): গুরুত্বপূর্ণ প্রভাবসমূহের প্রকৃতি, বিশালত্ব, বিস্তার এবং স্থায়িত্ব (nature, magnitude, extent and duration) ইত্যাদি পূর্বানুমান করিতে হইবে। প্রভাব নিরূপণের জন্য একাধিক গুণবাচক বা পরিমাণবাচক পূর্বানুমান টুল রহিয়াছে। এইক্ষেত্রে সমীক্ষাধীন প্রকল্প এবং প্রকল্প এলাকার জন্য যথোপযুক্ত টুল বা মডেল নির্বাচন করিতে হইবে।<br>• প্রভাব মূল্যায়ন (Impact Evaluation): প্রকল্পের কার্যক্রমের ফলে সৃষ্ট পরিবেশগত প্রভাব নিম্নোক্ত নির্ণায়কের ভিত্তিতে মূল্যায়ন করিতে হইবে: |

CamScanner

| ক্রমিক নং | বিষয় | বর্ণনা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | | প্রভাবের মাত্রা (Magnitude of impact)<br>প্রভাবের বিস্তার (Extent of effect)<br>প্রভাবের স্থায়িত্বকাল (Duration of the impact)<br>ক্ষতিগ্রস্ত এলাকা বা অবস্থার পূর্বাবস্থায় ফিরিয়া যাওয়া (Reversibility of condition/impacted area)<br>পুঞ্জীভূত প্রভাব (Cumulative impact)<br>প্রকল্পের কার্যক্রমের ফলে সৃষ্ট পরিবেশগত প্রভাবের বিষয়ে উল্লিখিত নির্ণায়কের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ হইবে :<br>কোনো প্রভাব নাই (No impact)<br>প্রভাব তাৎপর্যপূর্ণ (Significat impact)<br>প্রভাব অতাৎপর্যপূর্ণ (Insignificant impact)<br>অজানা প্রভাব (Unknown impact)<br>প্রশমনযোগ্য প্রভাব (Mitigated impact) |
| ৬। | প্রশমনমূলক ব্যবস্থা (Mitigation Measures) | পরিবেশগত প্রভাব নিবৃত্তির জন্য বাস্তবসম্মত, সুলভ এবং কার্যকর প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করিতে হইবে। পরিবেশগত প্রভাব নিবৃত্তির জন্য সম্ভাব্য সকল বিকল্প উপায় মূল্যায়ন করিয়া সর্বোত্তম সমাধানের জন্য পরামর্শ প্রদান করিতে হইবে যাহার ব্যয় উদ্যোক্তার জন্য সহনীয় এবং প্রকল্পের নেতিবাচব প্রভাব অবলোপনের জন্য যৌক্তিকভাবে গ্রহণযোগ্য। প্রশমনমূলক ব্যবস্থার কার্যকারিতা পরিমাপযোগ্য হইতে হইবে যাহাতে পরিবীক্ষণ এবং অডিটিং-এর মাধ্যমে তাহা প্রমাণ করা যায়।<br>সুপারিশকৃত প্রতিটি প্রশমনমূলক ব্যবস্থার বিস্তারিত বিবরণ প্রদান করিতে হইবে। প্রকল্পের বিস্তারিত ডিজাইনে কখন এবং কীভাবে এইগুলি অন্তর্ভুক্ত হইবে তাহার উল্লেখ করিতে হইবে। প্রস্তাবিত সকল প্রশমনমূলক ব্যবস্থার প্রাক্কলিত ব্যয় সম্ভব হইলে প্রদান করিতে হইবে। |

CamScanner

| ক্রমিক নং | বিষয় | বর্ণনা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৭। | পরিবীক্ষণ কর্মসূচি (Monitoring Programme) | পরিবীক্ষণ কর্মসূচির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়ে বিবরণ প্রদান করিতে হইবে:<br>• প্রশমনমূলক ব্যবস্থা বাস্তবায়ন পরিবীক্ষণ: সুপারিশকৃত সকল প্রশমনমূলক ব্যবস্থার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিবার জন্য পরিবীক্ষণ পদ্ধতি নির্ধারণ করিতে হইবে। এই উদ্দেশ্যে নিম্নোক্ত তথ্য প্রদান করিতে হইবে :<br>সুপারিশকৃত প্রশমনমূলক ব্যবস্থাসমূহ যে সঠিকভাবে বাস্তবায়ন করা হইয়াছে তাহা পরীক্ষা করার পদ্ধতি (Methodology);<br>প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণের লোকেশন এবং পরিবীক্ষণ সাইট নির্দেশক ম্যাপ এবং ছবি;<br>প্রকল্প মেয়াদে সাইট পরিদর্শনের সংখ্যা উল্লেখপূর্বক সময়সূচি;<br>প্রতিবেদন প্রেরণ এবং<br>ফলাফল পর্যালোচনা/অডিটিং-এর পদ্ধতি এবং সময়সূচি<br>• প্রকল্পের পরিবেশগত প্রভাব পরিবীক্ষণ: পরিবীক্ষণ কর্মসূচির আওতায় নেতিবাচক পরিবেশগত পরিবর্তন পর্যবেক্ষণ করিতে হইবে এবং এই লক্ষ্যে নিম্নলিখিত বিষয়ে বিস্তারিত বিবরণ পরিবীক্ষণ কর্মসূচিতে অন্তর্ভুক্ত করিতে হইবে :<br>প্রধান পরিবেশগত ইস্যুর জন্য ইন্ডিকেটর পরিবেশগত মানমাত্রা এবং প্রকল্পে তাহাদের প্রয়োগ পরিবীক্ষণ পদ্ধতি, লোকেশন এবং সময়সূচি উদ্যোক্তার দায়িত্ব (পরিবীক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জনবল, বাজেট এবং পরামর্শ সেবার প্রয়োজনীয়তা)<br>পরিবীক্ষণ রিপোর্টিং |

CamScanner

**পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রতিবেদন**

| ক্রমকি নং | বিষয় | বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ভূমিকা (Introduction) | • প্রতিবেদনের উদ্দেশ্য |
| ২। | প্রকল্পের বিবরণ (Project Description) | • লোকেশন, এরিয়া এবং প্রকল্পের উদ্দেশ্য<br>• প্রকল্পের লে-আউট এবং ডিজাইন<br>• প্রকল্পের বাস্তবায়ন পরিকল্পনা এবং সময়সূচি<br>• প্রকল্পের অন্যান্য প্রয়োজনীয় তথ্য |
| ৩। | পরিবেশগত নীতিমালা (Environmental Policy) | • পরিবেশগত ব্যবস্থাপনা এবং সংরক্ষণসংক্রান্ত কোম্পানির নীতি |
| ৪। | পরিবেশগত প্রতিপালনীয় বিষয় (Environmental Compliance Requirements) | • প্রতিপালনীয় আইনগত মানমাত্রা<br>• পরিবেশ অধিদপ্তর বা অন্য কোনো সংস্থা কর্তৃক প্রদত্ত পরিবেশগত শর্তসমূহ<br>• উদ্দেশ্য ও নির্ণায়কসমূহ যাহা পুরণ করা হইবে<br>• নীতিসমূহ যাহাতে অবিচল থাকা হইবে<br>• উত্তম চর্চাসমূহ যাহা প্রয়োগ করা হইবে |
| ৫। | পরিবেশগত প্রভাব এবং প্রশমনের ব্যবস্থা (Environmental Impacts and Mitigation Measures) | • প্রকল্প কার্যক্রমের বিস্তারিত তালিকা এবং গুরুত্বপূর্ণ পরিবেশগত প্রভাব;<br>• গৃহীতব্য দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থাসমূহ;<br>• প্রাকৃতিক সম্পদ, প্রতিবেশগত ব্যবস্থা, সাইট, এলাকার বৈশিষ্ট্য কিংবা প্রজাতি সুরক্ষার জন্য গৃহীতব্য সংরক্ষণমূলক কার্যক্রম;<br>• সামাজিক এবং পাবলিক ইস্যু (সাংস্কৃতিক এবং ধর্মীয়) মোকাবিলা ব্যবস্থা |
| ৬। | পরিবেশগত সার্ভেইল্যান্স, পরিবীক্ষণ এবং অডিটিং (Environmental Surveillance, Monitoring and Auditing) | • প্রস্তাবিত প্রশমন ব্যবস্থাসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিবার লক্ষ্যে গৃহীতব্য সার্ভেইল্যান্স এবং পরিবীক্ষণ কর্মসূচি রূপরেখা;<br>পরিবেশগত অবস্থা পরিবীক্ষণ করিবার জন্য যেসকল পদ্ধতি ও প্রণালি (Procedures and methods) গ্রহণ করা হইবে তাহার রূপরেখা;<br>সার্ভেইল্যান্স ও পরিবীক্ষণ কত সময় পরপর করা হইবে;<br>পরিবেশ ছাড়পত্রের শর্তসমূহ প্রতিপালন যাচাই করিবার জন্য প্রস্তাবিত অডিট কর্মসূচি<br>ডেটা সংগ্রহ এবং পরিবেশ অধিদপ্তরে দাখিলের জন্য প্রতিবেদন প্রণয়ন |

CamScanner

| ক্রমকি নং | বিষয় | বিবরণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৭। | আকস্মিক পরিস্থিতি মোকাবিলা পরিকল্পনা (Contigency Planning) | • অস্বাভাবিক এবং জরুরি পরিস্থিতি (যেমন : উৎপাদন প্রক্রিয়ার যন্ত্রপাতি বিকল, আগুন, গ্যাস লিক, বিপজ্জনক পদার্থে বিস্ফুরণ, দূষণ নিয়ন্ত্রণ যন্ত্রপাতি বিকল) মোকবিলা করিবার পরিকল্পনা।<br>• জরুরি পরিস্থিতি মোকাবিলার পরিকল্পনায় নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করিতে হইবে, যথা :<br>জরুরি পরিস্থিতি মোকাবিলায় গৃহীতব্য পদ্ধতি ও উপায়সমূহ (Procedures and measures)<br>সুরক্ষা ব্যবস্থা (কর্মরত স্টাফ ও সাধারণ জনগণের জন্য)<br>জরুরি পরিস্থিতিকালীন যেসকল সংস্থা/যাহার সহিত যোগযোগ করিতে হইবে এবং পরবর্তীকালে অবহিত করিতে হইবে<br>সুরক্ষাবিষয়ক সচেতনতা বৃদ্ধি এবং শিক্ষামূলক কার্যক্রম |
| ৮। | সাংগঠনিক কাঠামো (Organizational Strucure) | • প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো (ইএমপি বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট কাজের তত্ত্বাবধানের জন্য দায়িত্বপ্রাপ্ত স্টাফসহ)<br>• ইএমপি বাস্তবায়নের কাজের সহিত সংশ্লিষ্ট স্টাফদের দায়িত্ব ও কর্মপ্রণালি (Responsibilities and work Procedure)<br>• প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ এবং বহিঃসংস্থাকে (যেমন: পরিবেশ অধিদপ্তর) রিপোর্ট করিবার প্রক্রিয়া (Reporting hierarchy)<br>• বাহিরের সংস্থা বা ব্যক্তির নিকটি হইতে সেবা গ্রহণের প্রয়োজনীয়তা (যেমন : পরিবেশগত পরিবীক্ষণ-এর জন্য গবেষণাগার, স্লাজ পরিত্যজনের জন্য ঠিকাদার)<br>• প্রশিক্ষণ কর্মসূচি |
| ৯। | বাজেট এবং বাস্তবায়ন কর্মসূচি (Budget and Implementation Programme) | • ইএমপি বাস্তবায়ন কর্মসূচি<br>• নিম্নোক্ত খাতে বাজেট বরাদ্দ :<br>০ প্রশমন ব্যবস্থাসমূহ বাস্তবায়ন<br>০ সার্ভেইল্যান্স, পরিবীক্ষণ এবং অডিটিং<br>০ প্রশিক্ষণ এবং ইমারজেন্সি রেস্পন্স |

### তফসিল-১২
### শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য পরিশোধন
**[বিধি ৩৩ দ্রষ্টব্য]**

**(১) তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণ অনুমোদন:**

(ক) শিল্প বা প্রকল্পের তরল বর্জ্য পরিশোধনের লক্ষ্যে উদ্যোক্তাকে শিল্প তরল বর্জ্য পরিশোধনাগার (Industrial Effluent Treatment Plant), পয়ঃবর্জ্য পরিশোধনাগার (Sewerage Treatment Plant) এবং মিশ্র তরল বর্জ্য পরিশোধনাগার (Mixed Effluent Treatment Plant) নির্মাণ অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ে ছাড়পত্রের আবেদনের সহিত বা স্বতন্ত্রভাবে নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদন দাখিল করিতে হইবে, যথা :

(অ) তরল বর্জ্য পরিশোধনাগার এর অবস্থান নির্দেশিত ১:২০০ স্কেলে অঙ্কিত শিল্প বা প্রকল্প সাইটের লে-আউট প্ল্যান বা বিন্যাস নকশা। নকশার পরিমাপ মিটার ইউনিটে প্রদর্শন করিতে হইবে; এবং

(আ) শিল্প বা প্রকল্প এলাকার সাইট প্ল্যান বা এলাকা নকশা যাহাতে নিম্নলিখিত তথ্যাদি থাকিবে, যথা :

১। প্রস্তাবিত ইটিপি হইতে তরল বর্জ্য নির্গমন স্থান পর্যন্ত নিষ্কাশন নালার পথ (Drainage route)।

২। তরল বর্জ্য নির্গমন স্থান (Discharge Point) খাল বা অন্য কোনো নিষ্কাশন নালা হইলে উক্ত খাল বা নালা যে নদীতে পতিত হইয়াছে তাহার অবস্থান।

৩। প্রস্তাবিত তরল বর্জ্য পরিশোধনাগার হইতে তরল বর্জ্য যে জলাশয়ে (নদী, খাল বা নিষ্কাশন নালা) নির্গমন করা হইবে সেই জলাশয়ে পূর্ব হইতে তরল বর্জ্য নির্গমন বা পানি উত্তোলন পয়েন্ট থাকিলে তাহাদের অবস্থান।

৪। নকশার যথাযথ উত্তরদিক নির্দেশক চিহ্ন।

(ই) তরল বর্জ্য পরিশোধনাগার এর লে-আউট প্ল্যান ও হাইড্রোলিক ফ্লো ডায়াগ্রাম (Hydrolic Flow Diagram)। হাইড্রোলিক ফ্লো ডায়াগ্রামে প্রসেস ইউনিটসমূহের ডাইমেনশন; প্রসেস ফ্লো পাথ; হাইড্রোলিক স্ট্রাকচার, চ্যানেল, পাইপলাইন, উইয়ার ও কন্ট্রোল ভালভসমূহের অবস্থান এবং এলিভেশন প্রদর্শন করিতে হইবে।

(ঈ) প্রস্তাবিত তরল বর্জ্য পরিশোধনাগারের কারিগরি বিবরণ যাহাতে নিম্নলিখিত তথ্যাদি থাকিবে, যথা:

১। উৎপাদন প্রক্রিয়া এবং ইউটিলিটির জন্য পানির ব্যবহার (Water Consumption for Processing and Utilities) যেমন : সিক্ত প্রক্রিয়াকরণ, স্যানিটারি, পানি পরিশোধন, শীতলীকরণ, বাষ্প উৎপাদন এবং অগ্নিনির্বাপণ;

CamScanner

২। উৎপাদন প্রক্রিয়া এবং ইউটিলিটি হইতে সৃষ্ট তরল বর্জ্যের পরিমাণ ও প্রস্তাবিত তরল বর্জ্য পরিশোধনাগারের পরিশোধন ক্ষমতা;

৩। সৃষ্ট তরল বর্জ্যের গুণগত মান এবং পরিশোধিত তরল বর্জ্যের গুণগত মান;

৪। ট্রিটেমেন্ট স্কিম (সাধারণ ফ্লো ডায়াগ্রাম);

৫। তরল বর্জ্য পরিশোধনাগারের পৃথক ইউনিটসমূহের ইঞ্জিনিয়ারিং নকশা, ডিজাইন প্যারামিটার ও ক্যালকুলেশন।

(ঙ) তরল বর্জ্য পরিশোধনাগারের নকশা ও ক্যালকুলেশন কারিগরি যোগ্যতাসম্পন্ন ব্যক্তি কর্তৃক প্রণীত ও স্বাক্ষরিত হইতে হইবে।

(খ) তফসিল-১ অনুসারে যে শ্রেণির শিল্প বা প্রকল্পের জন্য তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণ করা হইবে সেই শ্রেণির শিল্প বা প্রকল্পের জন্য গঠিত ছাড়পত্র কমিটি কর্তৃক তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণের অনুমোদন প্রদান করা হইবে।

(গ) অনুমোদিত নকশা অনুসারে উদ্যোক্তা কর্তৃক তরল বর্জ্য পরিশোধনাগার নির্মাণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সমীচীন প্রতীয়মান হইলে মহাপরিচালক তরল বর্জ্য পরিশোধনাগারের সংস্কার, পরিবর্তন, প্রতিস্থাপন অথবা অতিরিক্ত যন্ত্রপাতি স্থাপনের নির্দেশনা প্রদান করিতে পারিবেন এবং উদ্যোক্তা উক্ত নির্দেশনা প্রতিপালন করিবেন।

(২) **তরল বর্জ্য পরিশোধনাগার পরিচালন:**

(ক) উদ্যোক্তা সঠিক ইঞ্জিনিয়ারিং চর্চার (Sound Engineering Practice) মাধ্যমে তরল বর্জ্য পরিশোধনাগার পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করিয়া তরল বর্জ্য পরিশোধন করিবেন এবং তরল বর্জ্য পরিশোধনাগারের সকল যন্ত্রপাতি সুষ্ঠুভাবে কাজ করিবার বিষয়টি নিশ্চিত করিবেন।

(খ) তরল বর্জ্য পরিশোধনাগার পরিচালনার জন্য উপযুক্ত যোগ্যতাসম্পন্ন জনবল নিয়োগ করিতে হইবে।

(গ) জনবল কাঠামো ও যোগ্যতা অধিদপ্তর অনুমোদন করিবে।

(৩) **তরল বর্জ্যের নির্গমন পরিবীক্ষণ :**

(ক) শিল্প বা প্রকল্প হইতে সৃষ্ট তরল বর্জ্য ভূপৃষ্ঠে বা অভ্যন্তরীণ জলাশয়ে নির্গমন করা হইলে, উক্ত শিল্প বা প্রকল্পের উদ্যোক্তাকে নিজ খরচে—

(অ) ছাড়পত্রের শর্তে উল্লিখিত তরল বর্জ্যের প্যারামিটারসমূহ মনিটর করিতে হইবে;

(আ) ফ্লো মিটার, নমুনা সংগ্রহ, পরিবীক্ষণ এবং এতৎসংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন করিতে হইবে;

CS CamScanner

(খ) উদ্যোক্তা নির্গত তরল বর্জ্যের পরিবীক্ষণ তথ্য যথাযথভাবে সংরক্ষণ করিবেন এবং অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক পরিদর্শনকালে তাহা প্রদর্শন করিবেন;

(গ) অধিদপ্তর তরল বর্জ্যের নমুনা সংগ্রহ পদ্ধতি ও নির্গমন পরিবীক্ষণ পদ্ধতি নির্ধারণ করিবে; **এবং**

(ঘ) উদ্যোক্তা নির্গত তরল বর্জ্যের পরিবীক্ষণ তথ্য ছাড়পত্রে প্রদত্ত শর্তানুসারে অধিদপ্তরে দাখিল করিবেন।

(৪) **তরল বর্জ্যের নির্গমন মানমাত্রা:** বিধি ৩২ এ উল্লিখিত তরল বর্জ্য নির্গমন সংক্রান্ত সংশ্লিষ্ট তফসিলে বর্ণিত তরল বর্জ্যের বিভিন্ন প্যারামিটারের নির্ধারিত উপস্থিতির সীমা অতিক্রম করিয়া তরল বর্জ্য নির্গমন করা যাইবে না।

(৫) **তরল বর্জ্য বিশ্লেষণ পদ্ধতি:**

(ক) অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্যের ইন-সিটু (in-situ) বা এক্স-সিটু (ex-situ) বিশ্লেষণ করিতে পারিবেন;

(খ) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য American Public Health Association, American Water Works Association এবং Water Environment Federation কর্তৃক যৌথভাবে প্রকাশিত 'Standard Methods for the Examination of Water and Wastewater'-এ বর্ণিত পদ্ধতিতে বিশ্লেষণ করিতে হইবে।

(গ) ক্রমিক নং (৩)-এর (ক) ও (খ)-এ উল্লিখিত তরল বর্জ্যের বিশ্লেষণ গ্র্যাব নমুনা সংগ্রহের (Grab Sampling) মাধ্যমে সম্পন্ন করিতে হইবে। 'গ্র্যাব নমুনা' অর্থ ১৫ (পনেরো) মিনিটের কম সময় ব্যাপী সংগৃহীত একক নমুনা (Individual Sampling)।

(৬) **তরল বর্জ্য নির্গমন পয়েন্ট:**

(ক) অধিদপ্তর কর্তৃক অনুমোদিত তরল বর্জ্য পরিশোধনাগারের নকশায় প্রদর্শিত নির্গমন পয়েন্টের (Discharge Point) মাধ্যমে শিল্প বা প্রকল্পের তরল বর্জ্য নির্গমন করিতে হইবে।

(খ) অধিদপ্তরের অনুমোদনক্রমে দফা (ক)-এ উল্লিখিত তরল বর্জ্যের নির্গমনস্থল পরিবর্তন করা যাইতে পারে।

(৭) **অননুমোদিত তরল বর্জ্য নির্গমন** (Effluent discharge through by-pass) : তরল বর্জ্য পরিশোধনাগারকে পাশ কাটাইয়া শিল্প বা প্রকল্প হইতে সৃষ্ট তরল বর্জ্য অননুমোদিত ভূপৃষ্ঠে, ভূগর্ভে বা জলাশয়ে কিংবা জলাভূমিতে নির্গমন করা যাইবে না।

(৮) **তরল বর্জ্য লঘুকরণ** (Dilution of effluent) : কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অপরিশোধিত বা পরিশোধিত তরল বর্জ্য উৎপাদনের সময় কিংবা উৎপাদন পরবর্তী সময়ে লঘু করা যাইবে না:

CS CamScanner

তবে শর্ত থাকে যে, শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের আবেদনক্রমে এবং অধিদপ্তর যদি উপযুক্ত মনে করেন, তাহা হইলে উপযুক্ত শর্তসাপেক্ষে তিনি শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য লঘুকরণের অনুমতি প্রদান করিতে পারিবেন।

(৯) **তরল বর্জ্যের পরিমাণ বা গুণগত মান পরিবর্তন :** অধিদপ্তরের পূর্ব অনুমোদন ব্যতিরেকে শিল্প বা প্রকল্প হইতে পরিবেশে নির্গত তরল বর্জ্যের পরিমাণ বা তরল বর্জ্যের উপাদানের পরিবর্তন করা যাইবে না।

(১০) **স্লাজ পরিত্যাজন** (Sludge disposal) : কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পে উৎপাদিত, উৎপাদন প্রক্রিয়া, তরল বর্জ্য পরিশোধনাগার, পানি পরিশোধন ব্যবস্থা বা অন্য কোনোভাবে সৃষ্ট স্লাজ 'Bangladesh Standards and Guidelines for Sludge Management'-এ বর্ণিত পদ্ধতিতে পরিত্যাজন করিতে হইবে।

CS CamScanner

## তফসিল-১৩
## পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞের তালিকাভুক্তি
## [বিধি ৩৭ এর উপ-বিধি (৩) ও (৭) দ্রষ্টব্য]

**'ক' অংশ:**

(১) কোনো ব্যক্তি, সরকারি বা বেসরকারি সংস্থা, স্বত্বাধিকারী ফার্ম, কোম্পানি, গবেষণা প্রতিষ্ঠানসমূহকে তালিকাভুক্তির জন্য নিম্নলিখিত তিনটি শ্রেণিতে বিবেচনা করা হইবে, যথা:—

(অ) পরিবেশ পরামর্শক (ব্যক্তি);

(আ) পরিবেশ পরামর্শক (প্রতিষ্ঠান); এবং

(ই) বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ।

(২) পরিবেশ পরামর্শ বা বিশেষজ্ঞের যোগ্যতা ও অভিজ্ঞতা:

| ক্রমিক নং | শ্রেণি | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** |
| ১। | পরিবেশ পরামর্শক (ব্যক্তি) | বিজ্ঞান বা প্রকৌশলের যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি | ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষার অভিজ্ঞতা এবং পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষার সহিত সম্পৃক্ততা থাকিতে হইবে। |
| ২। | বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ | সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি | পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষার ক্ষেত্রসমূহের এক বা একাধিক বিষয়ে কাজের ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |

(৩) প্রযোজ্যতা অনুযায়ী পরিবেশ পরামর্শক প্রতিষ্ঠানের তালিকাভুক্তির বিবেচ্য বিষয়সমূহ:

(ক) একটি স্থায়ী কার্যালয়, নিবন্ধন, টিআইএন নম্বর এবং ব্যাংক হিসাব;

(খ) ন্যূনতম ১ (এক) জন নিয়মিত বেতনভুক্ত পরিবেশ পরামর্শক যিনি পরিবেশ অধিদপ্তরে তালিকাভুক্ত; এবং

(গ) প্রতিষ্ঠানের সহিত চুক্তিবদ্ধ ন্যূনতম ৩ (তিন) জন বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ যাহারা পরিবেশ অধিদপ্তরে তালিকাভুক্ত।

(৪) **পরিবেশগত প্রভাব নিরূপণ সমীক্ষার ক্ষেত্রসমূহ:** প্রতিবেশ ও জীববৈচিত্র্য, বায়ুমান, ভূমি ব্যবহার পরিকল্পনা, পানির গুণগতমান, বর্জ্য ব্যবস্থাপনা, সাধারণ পরিবেশ ব্যবস্থাপনা, ভূ-তত্ত্ব ও মৃত্তিকা, মাইনিং, শব্দ ও ভাইব্রেশন, ভূগর্ভস্থ পানি ও হাইড্রোলজি, সামাজিক প্রভাব নিরূপণ, ঝুঁকি ব্যবস্থাপনা (risk management), স্বাস্থ্যগত প্রভাব নিরূপণ, ইত্যাদি।

CamScanner

**'খ' অংশ:**

তালিকাভুক্তির ফি:

| ক্রমিক নং | শ্রেণি | আবেদন ফি (টাকা) | তালিকাভুক্তিকরণ (টাকা) | তালিকাভুক্তিকরণ নবায়ন ফি (টাকা) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | পরিবেশ পরামর্শক (ব্যক্তি) | ৫০০ | ৫,০০০ | ২,০০০ |
| ২। | পরিবেশ পরামর্শক (প্রতিষ্ঠান) | ১,০০০ | ১০,০০০ | ৫,০০০ |
| ৩। | বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ | ৫০০ | ৫,০০০ | ২,০০০ |

(ক) সকল প্রকার ফি ট্রেজারি চালানের মাধ্যমে অথবা সরকার অনুমোদিত অন্য কোনো মাধ্যমে বা ইলেকট্রনিক মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে;

(খ) পরিবেশ পরামর্শক বা বিশেষজ্ঞকে তালিকাভুক্তির আবেদপত্রের সহিত আবেদন ফি (অফেরতযোগ্য) জমা দিতে হইবে; এবং

(গ) পরিবেশ অধিদপ্তর কর্তৃক চুড়ান্তভাবে পরামর্শক হিসাবে তালিকাভুক্তির জন্য নির্বাচিত হইবার পত্র পাওয়া সাপেক্ষে তালিকাভুক্তির ফি জমা প্রদান করিতে হইবে।

CS CamScanner

**তফসিল-১৪**

**শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগের নির্ণায়ক**

**[বিধি ৫ এর উপ-বিধি (২) এর শর্তাংশ দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের কার্যক্রমের ফলে সৃষ্ট দূষকের প্রকৃতি | | | শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | তরল বর্জ্য | গ্যাসীয় নিঃসরণ | কঠিন বর্জ্য | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | (ক) তরল বর্জ্যের সিওডি > ১৫০০ মি.গ্রা./লি. এবং<br>(খ) টক্সিক | (ক) উৎপাদন প্রক্রিয়ায় বস্তুকণা সৃষ্টি হয় যাহা নিয়ন্ত্রণের জন্য ইএসপি, ব্যাগ ফিল্টার, স্ক্রাবার, ইত্যাদি প্রযুক্তির প্রয়োজন হয়; এবং<br>(খ) গ্যাসীয় নিঃসরণে বিপজ্জনক পদার্থের উপস্থিতি | (ক) বিপজ্জনক কঠিন বর্জ্য যাহা পরিত্যাজনের জন্য প্রক্রিয়াকরণ (Treatment) বা ইনসিনারেশনের প্রয়োজন। | লাল | (ক) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য কিংবা গ্যাসীয় নিঃসরণ কিংবা কঠিন বর্জ্যের প্রকৃতি ক্রমিক নং ১ এ উল্লিখিত ধরণের হইলে তাহা লাল শ্রেণিভুক্ত হইবে; এবং<br>(খ) নির্ণায়ক অনুসারে কমলা শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শিল্প ও গৃহস্থালীর তরল বর্জ্যের মোট পরিমাণ দৈনিক ১০০ ঘন মিটারের বেশী হইলে তাহা লাল শ্রেণিভুক্ত হইবে। |
| ২। | (ক) তরলবর্জ্যের সিওডি >৭০০ - <১৫০০ মি.গ্রা./লি. এবং<br>(খ) নন-টক্সিক | (ক) উৎপাদন প্রক্রিয়ায় বস্তুকণা সৃষ্টি হয় যা উপযুক্ত প্রযুক্তির সাহায্যে নিয়ন্ত্রণযোগ্য; এবং<br>(খ) গ্যাসীয় নিঃসরণে নাইট্রোজেনের অক্সাইডসমূহ, কার্বন মনোঅক্সাইড, কার্বন ডাইঅক্সাইডের উপস্থিতি। | (খ) বিপজ্জনক কঠিন বর্জ্য যাহা পরিত্যাজনের জন্য প্রক্রিয়াকরণ বা ইনসিনারেশনের প্রয়োজন হয় না, যেমন: স্ল্যাগ, ফ্লাই এ্যাশ, খনির পরিত্যাক্ত বস্তু। | কমলা | (ক) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য কিংবা গ্যাসীয় নিঃসরণ কিংবা কঠিন বর্জ্যের প্রকৃতি ক্রমিক নং ২ এ উল্লিখিত ধরণের হইলে তাহা কমলা শ্রেণিভুক্ত হইবে; এবং<br>(খ) নির্ণায়ক অনুসারে হলুদ শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শিল্প ও গৃহস্থালীর তরল বর্জ্যের মোট পরিমাণ দৈনিক ১০০ ঘন মিটারের বেশী হইলে তাহা কমলা শ্রেণিভুক্ত হইবে। |

CS CamScanner

| ক্রমিক নং | শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের কার্যক্রমের ফলে সৃষ্ট দূষকের প্রকৃতি | | | শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | তরল বর্জ্য | গ্যাসীয় নিঃসরণ | কঠিন বর্জ্য | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৩। | (ক) তরল বর্জ্যের সিওডি ≥৭০০ মি.গ্রা./লি. এবং<br>(খ) নন-টক্সিক | (ক) উৎপাদন প্রক্রিয়ায় বস্তুকণা সৃষ্টি হয়; এবং<br>(খ) সহজ উপায়ে সৃষ্ট বস্তুকণা দূরীকরণ সম্ভব। | (ক) অবিপজ্জনক কঠিন বর্জ্য;<br>(খ) পচনশীল জৈব বর্জ্য; এবং<br>(গ) সহজে পুণচক্রায়নযোগ্য কঠিন বর্জ্য | হলুদ | (ক) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য কিংবা গ্যাসীয় নিঃসরণ কিংবা কঠিন বর্জ্যের প্রকৃতি ক্রমিক নং ৩ এ উল্লিখিত ধরণের হইলে তাহা হলুদ শ্রেণিভুক্ত হইবে; এবং<br>(খ) নির্ণায়ক অনুসারে সবুজ শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শিল্প ও গৃহস্থালীর তরল বর্জ্যের মোট পরিমাণ দৈনিক ১০ ঘন মিটারের বেশী হইলে তাহা হলুদ শ্রেণিভুক্ত হইবে। |
| ৪। | (ক) তরল বর্জের সিওডি <৪০০ মি.গ্রা./লি. | (ক) ফিউজিটিভ ডাস্ট সৃষ্টি হয়;<br>(খ) জ্বালানি দহনের কারণে বা রাসায়নিক দ্রব্য প্রক্রিয়াকরণের কারণে বস্তুকণা সৃষ্টি হয় না; এবং<br>(গ) সহজ উপায়ে সৃষ্ট বস্তুকণা দূরীকরণ সম্ভব। | (ক) পচনশীল কঠিন বর্জ্য; এবং<br>(খ) মোড়কজাতীয় কঠিন বর্জ্য। | সবুজ | শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য কিংবা গ্যাসীয় নিঃসরণ কিংবা কঠিন বর্জ্যের প্রকৃতি ক্রমিক নং এ উল্লিখিত ধরণের হইলে তাহা সবুজ শ্রেণিভুক্ত হইবে। |

**ব্যাখ্যা :—**

১। টক্সিক অর্থে তরল বর্জ্যে এমন দূষকের উপস্থিতি তফসিল-৪ অনুযায়ী যাহার নির্গমন মানমাত্রা <১০ মি.গ্রা./লি., যেমন: টোটাল রেসিডিওয়াল ক্লোরিন, ফ্লোরাইড, সালফাইড, মুক্ত অ্যামোনিয়া, আর্সেনিক, মারকারি, লেড, ক্যাডমিয়াম, ক্রোমিয়াম, সায়ানাইড, ফেনলিক যৌগ, ইত্যাদি; এবং

CS CamScanner

২। নন-টক্সিক অর্থে তরল বর্জ্যে এমন দূষকের উপস্থিতি তফসিল-৪ অনুযায়ী যাহার নির্গমন মানমাত্রা ১০-৫০ মি.গ্রা./লি., যেমন: অ্যামোনিয়াকেল নাইট্রোজেন, সার্বিক নাইট্রোজেন, তৈল ও গ্রিজ।

৩। অধিকন্তু নন-টক্সিক অর্থে তরল বর্জ্যে এমন দূষকের উপস্থিতি তফসিল-৪ অনুযায়ী যাহার সর্বোচ্চ নির্গমন মানমাত্রা>৫০ মি.গ্রা./লি., যেমন: সার্বিক জেলডাল নাইট্রোজেন, প্রলম্বিত বস্তুকণা, ক্লোরাইড।

৪। গ্যাসীয় নিঃসরণে বিপজ্জনক পদার্থ: ডাইঅক্সিন, ফিউরান, লেড, মার্কারি, ক্যাডমিয়াম, নিকেল, ভ্যানাডিয়াম, বালাইনাশক, এসবেস্টস, অ্যামোনিয়া, হাইড্রোকার্বন, ক্লোরিন, হাইড্রোক্লোরিক এসিড বাষ্প, মিথাইল ক্লোরাইড, ফ্লোরিন, হাইড্রোজেন ফ্লোরাইড, হাইড্রোজেন সালফাইড, সালফার ডাইঅক্সাইড, সালফিউরিক এসিড কুয়াশা, ফসফরাস পেন্টাঅক্সাইড, ফসফরিক এসিড, ইত্যাদি।

নোট: তফসিল-১৪ অনুযায়ী নির্ধারিত কমলা শ্রেণির শিল্প বা প্রকল্পের অবস্থানগত বা পরিবেশগত ছাড়পত্র অনুমোদনের কার্যালয় মহাপরিচালক নির্ধারণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. ফারহিনা আহমেদ**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

CamScanner